# প্রশ্নোত্তরে রমযান ও ঈদ

বিভাগ/অধ্যায়ঃ নফল সিয়াম

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

আল্লাহর নাবী দাঊদ আলাইহিস সালাম কীভাবে সওম পালন করতেন?

(ক) এ বিষয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

أَحَبُّ الصِّيَامِ إِلَى اللهِ صِيَامُ دَاوُدَ وَكَانَ يَصُوْمُ يَوْمًا وَيُفْطِرُ يَوْمًا

“আল্লাহর কাছে (নফল সিয়ামের মধ্যে) সবচেয়ে প্রিয় সিয়াম হল দাঊদ আলাইহিস সালাম’র সিয়াম। তিনি একদিন সিয়াম পালন করতেন, আর এক দিন সিয়াম ত্যাগ করতেন। (মুসলিম : ১১৫৯)

(খ) অন্য আরেক হাদীসে আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে মাসে ৩ দিন রোযা রাখতে বললে সে বলল, আমি এর চেয়েও বেশি রোযা পালনে সক্ষম। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন,

صُمْ يَوْمًا وَأَفْطِرْ يَوْمًا فَإِنَّهُ أَفْضَلُ الصِّيَامِ صَوْمُ أَخِيْ دَاوُدَ عَلَيْهِ السَّلَامُ

“তাহলে একদিন সিয়াম পালন কর ও একদিন ভঙ্গ কর। কেননা এটাই সর্বোত্তম সিয়াম যা আমার নবুওয়তী ভাই পয়গাম্বর দাঊদ আলাইহিস সালাম পালন করতেন।” (বুখারী : ৩৪১৮; মুসলিম : ১১৫৯)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2677

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন